# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) অরুণোদয় প্রকল্পের টাকা লাভ করা মহিলারা আগামী জানুয়ারী মাস থেকে রন্ধন গ্যাস ক্রয়ের সময় ২৫০ টাকা করে লাভ করবেন বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ঘোষনা ।

২) বিশ্ব সংস্কৃত দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশবাসীকে শুভেচ্ছা ।

৩) সমগ্র দেশে আজ ভাই ও বোনের অটুট বন্ধনের উৎসব রাখীবন্ধন উৎসব উদযাপন ।

এবং

৪) ৫১ তম জুনিয়র জাতীয় জলক্রীড়া প্রতিযোগীতায় ১০ টি পদক পেয়ে আসামের সপ্তম স্থান লাভ ।

---

অরুণোদয় প্রকল্পের টাকা লাভ করা মহিলারা আগামী জানুয়ারী মাস থেকে রন্ধন গ্যাস ক্রয়ের সময় ২৫০ টাকা করে লাভ করবে । তামুলপুর জেলায় বিজয় সংকল্প সমাবেশে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ একথা ঘোষনা করেন । তিনি বলেন যে নির্বাচনের পর বি টি আরে কোনো দ্বিতীয় শ্রেনীর নাগরিক থাকবেনা ও সব নাগরিক প্রথম শ্রেনীর হবে । বিজেপি সরকারের সময়কালে বি টি আরে উন্নয়ন হয়েছে বলে মুখ্যমন্ত্রী দাবী করেন ।

---

আজ শ্রাবন মাসের পূর্নিমা ও এই দিনটিতে উদযাপিত বিশ্ব সংস্কৃত দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক

বার্তায় শ্রী মোদী বলেন যে সংস্কৃত হচ্ছে অনন্ত জ্ঞানের উৎস্য ও সব ক্ষেত্রে এর প্রভাব পরিলক্ষিত হয় । বিগত দশকে সংস্কৃতকে জনপ্রিয় করে তুলতে সরকার বিভিন্ন কাজ করে যাচ্ছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এর জন্য সরকার কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়গুলি ছাড়া ও সংস্কৃত শিক্ষা কেন্দ্র স্থাপন , সংস্কৃত পন্ডিত গবেষকদের সাহায্য প্রদান ও সংস্কৃত বইগুলি ডিজিটেল করার জন্য জ্ঞান ভারতম অভিযান আরম্ভ করেছে । প্রধানমন্ত্রী বলেন যে সরকারের এ ধরণের ব্যবস্থা অগণন শিক্ষার্থী ও গবেষকদের উপকৃত করেছে ।

---------------------------------------------------------------------------------------

গুরুচরণ বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত বিভাগের উদ্যোগে আজ বিশ্ব সংস্কৃত দিবস পালন করা হয়েছে । বিভাগীয় প্রধান ড: সন্ধানী নাথ এই দিবসের উদ্দেশ্যে ব্যাখ্যা করে স্বাগত ভাষন দেন । অনুষ্ঠানে মুখ্য অতিথি ড: শংকর ভট্টাচার্য তার ভাষনে বলেন সংস্কৃত ভাষা ভারতের ঐতিহ্যের মূল স্তম্ভ । ভারতের অধিকাংশ ভাষার মূলভুমি সংস্কৃত এবং এর শব্দভান্ডার বিস্তৃত বলে ড: ভট্টাচার্য উল্লেখ করেন ।সভাপতির ভাষনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড: নিরঞ্জন রায় বলেন নতুন শিক্ষানীতির মাধ্যমে সরকার সংস্কৃত ভাষাকে সাধারণ মানুষের কাছে পৌছে দেওয়ার জন্য ইতিমধ্যে সংস্কৃত বিশ্ববিদ্যালয় গঠন করেছে ।

এ দিকে গুরুচরণ বিশ্ববিদ্যালয়ে ২০২৫ সালের স্নাতক বর্ষের কলা বিভাগের ছাত্র ছাত্রীদের স্বাগত জানাতে আজ নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

গৌহাটীতে আজ থেকে ২১ শে আগষ্ট পর্যন্ত উত্তর পূর্বাঞ্চলের প্রথম ক্ষুদ্র , সুক্ষ ও মধ্যম শিল্প প্রদর্শনীর আয়োজন করা হয়েছে । এই অনুষ্ঠানে হস্ত নির্মিত শিল্পের কাজ , জনগোষ্ঠীর বস্ত্রশিল্প , জৈবিকভাবে উৎপাদিত সামগ্রী প্রদর্শন ও মত বিনিময় কার্যসূচীর আয়োজন করা হয়েছে । গতকাল ভারতীয় ক্ষুদ্র , সুক্ষ ও মধ্যম শিল্পের প্রসার আয়োগের উত্তর পূর্ব মন্ডলের এক প্রতিনিধি দল কৃষি মন্ত্রী অতুল বরার সংগে গৌহাটীর জনতা ভবনে সাক্ষাৎ করে এই প্রদর্শনী সম্পর্কে আনুষ্ঠানিকভাবে অবগত করে । মন্ত্রী এসম্পর্কে বলেন যে এই পদক্ষেপ নতুন শিল্পপতিদের শিল্প ক্ষেত্রে অধিক আকর্ষিত করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ ভাই ও বোনের মধ্যে পবিত্র বন্ধনের উৎসব রাখীবন্ধন উদযাপন করা হচ্ছে । এই দিনটিতে বোনেরা ভাইয়ের হাতে নানা রং এর রাখী বেঁধে তাদের সুস্বাস্থ

ও সমৃদ্ধি  কামনা করে । বিনিময়ে ভাইয়েরা বোনের সুরক্ষার দায়িত্ব নেয় এবং উপহার প্রদান করে ।

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু ও প্রধানমন্ত্রী  নরেন্দ্র মোদী রাখীবন্ধন উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন । রাষ্ট্রপতি এক বার্তায় বলেন যে এই পবিত্র উৎসব সমাজে একতা ও সম্প্রীতির বন্ধন সুদৃঢ় করে ও ভাই  ও বোনের মধ্যে স্নেহ ও বিশ্বাসের অনন্য বন্ধনকে প্রতিফলিত করে । শ্রীমতী মূর্মু  এই উৎসব  মানবীয় মূল্য ও দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক পরম্পরা রক্ষা করে বলে উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

ভারত রত্ন ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উদযাপন উপলক্ষে সমগ্র রাজ্যে বছর ব্যাপী বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । আগামী ৮ ই সেপ্টেম্বর গুয়াহাটীতে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে এই কার্যসূচীর সূচনা করা হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ।এছাড়া এই কার্যসূচীর অঙ্গ হিসেবে রাজ্যসরকারের উদ্যোগে ডঃ হাজারিকার জীবদ্দশায় তাঁর সঙ্গে সরাসরি সাক্ষাৎ বা আলাপচারিতার অভিজ্ঞতা রয়েছে এমন ব্যাক্তিদের চিহ্নিত করে তাঁদেরকে এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানাতে জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে ।এদিকে কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১১ ই আগষ্ট জেলা আয়ুক্তের সভাকক্ষে এক বৈঠক অনুষ্ঠিত হবে ।বৈঠকে গুয়াহাটীতে অনুষ্ঠেয় কার্যসূচীতে যোগদানের প্রস্তুতি এবং কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে । বৈঠকে  ডঃ হাজারিকার সঙ্গে জড়িত ব্যাক্তিদের আমন্ত্রণ জানানো হয়েছে এছাড়া কাছাড় জেলার কোন ব্যাক্তি যদি তাঁর সঙ্গে মূল্যবান সময় কাটিয়ে থাকেন তবে জেলা প্রশাসনের পক্ষ থেকে    তাঁদেরকেও  এই  বৈঠকে অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম ৫১ তম জুনিয়র জাতীয় জল ক্রীড়া প্রতিযোগিতায় ১০ টি পদক অর্জন করে জাতীয় পর্যায়ে সপ্তম স্থান দখল করেছে । এই প্রতিযোগিতায় আসামের তীর্থাংক পেগু ছেলেদের গ্রুপ রানের ২০০ মিটার বাটারফ্লাই এবং প্রয়াস গগৈ ছেলেদের গ্রুপের ৫০ মিটার ফ্রি-স্টাইল শাখায় সোনার পদক লাভ করেছে । জ্ঞানদীপ বরগোহাই ছেলেদের গ্রুপের ১০০ এবং ২০০ মিটার ব্যাক স্ট্রোক শাখায় ব্রোঞ্জ পদক লাভ করেছে । অনুরূপভাবে প্রয়াস গগৈ ছেলেদের গ্রুপের ১০০ মিটার ফ্রি-স্টাইল শাখায় রূপো এবং একই বিভাগের ২০০ মিটার ও ৪০০ মিটার ফ্রি-স্টাইলে ব্রোঞ্জের পদক লাভ করেছে ।ছেলেদের গ্রুপটি ৪ ইনটু ১০০ মিটার মেডলি রীলে রূপো এবং ৪ ইনটি ১০০ মিটার ফ্রি-স্টাইল রীলে ব্রোঞ্জ পদক অর্জন করেছে ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে আজ হাইলাকান্দির শ্রী কিষাণ সারদা কলেজে শক্তিপদ ব্রহ্মচারী কবিতা উৎসব ২০২৫ অনুষ্ঠিত হয়েছে ।অনুষ্ঠানে মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক বিশ্বতোস চৌধুরী । তিনি কবি ‘শক্তিপদ ব্রহ্মচারীর কাব্য বীক্ষা - বর্তমান সময়ের প্রেক্ষাপট’ শীর্ষক বিষয়ের ওপর বক্তব্য রাখেন ।অনুষ্ঠানে বরাকবঙ্গের কেন্দ্রীয় সভাপতি রাধিকা রঞ্জন চক্রবর্তী , প্রাক্তন সভাপতি নীতিশ ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন ।বরাক বঙ্গের সভাপতি ইন্দ্রাণী ভট্টাচার্য বলেন --

বাইট

--------------------------------------------------------------------------------

আসাম কলেজ লাইব্রেরিয়ান এসোসিয়েশন বরাক উপত্যকা জোনের উদ্যোগে ও রাধামাধব কলেজের সহযোগিতায় কলেজ প্রাঙ্গনে জাতীয় গ্রন্থাগারিক দিবস পালন করা হয়েছে । এবং উন্মুক্ত অনলাইন পাঠ্যক্রমের মাধ্যমে ডিজিট্যাল শিক্ষার ক্ষমতায়ন শীর্ষক একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । লাইব্রেরী সায়েন্সের জনক পদ্মশ্রী ডঃ এস আর রঙ্গনাথনের প্রতিকৃতিতিতে পুষ্পার্ঘ্য অর্পন করে অনুষ্ঠানের সূচনা করা হয় । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ অরুন্ধুতী দত্ত চৌধুরীর পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী ও ইনফরমেশন সায়েন্স বিভাগের প্রধান অধ্যাপক ডঃ মুকুট শর্মা ।

--------------------------------------------------------------------------------

আসাম ৫১ তম জুনিয়র জাতীয় জল ক্রীড়া প্রতিযোগিতায় ১০ টি পদক অর্জন করে জাতীয় পর্যায়ে সপ্তম স্থান দখল করেছে । এই প্রতিযোগিতায় আসামের তীর্থাংক পেগু ছেলেদের গ্রুপ রানের ২০০ মিটার বাটারফ্লাই এবং প্রয়াস গগৈ ছেলেদের গ্রুপের ৫০ মিটার ফ্রি-স্টাইল শাখায় সোনার পদক লাভ করেছে । জ্ঞানদীপ বরগোহাই ছেলেদের গ্রুপের ১০০ এবং ২০০ মিটার ব্যাক স্ট্রোক শাখায় ব্রোঞ্জ পদক লাভ করেছে । অনুরূপভাবে প্রয়াস গগৈ ছেলেদের গ্রুপের ১০০ মিটার ফ্রি-স্টাইল শাখায় রূপো এবং একই বিভাগের ২০০ মিটার ও ৪০০ মিটার ফ্রি-স্টাইলে ব্রোঞ্জের পদক লাভ করেছে ।ছেলেদের গ্রুপটি ৪ ইনটু ১০০ মিটার মেডলি রীলে রূপো এবং ৪ ইনটি ১০০ মিটার ফ্রি-স্টাইল রীলে ব্রোঞ্জ পদক অর্জন করেছে ।

--------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার দ্বিতীয় রাউন্ড খেলায় দর্মিখাল এফ সি দল প্রবেশ করেছে । আজ বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত খেলায় তারা গুরুদয়ালপুর এফ সি দলকে ৭-১ গোলের ব্যবধানে পরাজিত করেছে । আগামীকাল গ্রুপ সির দ্বিতীয় খেলায় আর্জানপুর এস পি এম (বি) , ওয়াই এম সি এ এফ সি দলের বিরুদ্ধে খেলবে ।

---------------------------------------------------------------------------------------